**REGIONAL NEWS UNIT**

**ALL INDIA RADIO, AGARTALA**

**Date : 02-09-2026**

**Time: 07.35-07.40 AM Hrs**

**BENGALI MORNING BULLETIN**

---

**PM-SCO :**

কিরগিজস্তানের রাজধানী বিশকেকে অনুষ্ঠিত সাংহাই সহযোগিতা সংগঠনের ২৬তম শীর্ষ সম্মেলন ১৩টি গুরুত্বপূর্ণ বিষয়ে ঐকমত্যের মধ্য দিয়ে শেষ হয়েছে। সন্ত্রাসবাদ মোকাবিলা, জলবায়ু পরিবর্তন, জ্বালানি, দুর্যোগ ব্যবস্থাপনা এবং ডিজিটাল সহযোগিতার মত বিষয় এর মধ্যে উল্লেখযোগ্য। শীর্ষ সম্মেলনে এসসিও-র ২৫তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে ঐতিহাসিক বিশকেক ঘোষণাপত্র গৃহীত হয়েছে। এগুলি ভারতের জ্বালানি নিরাপত্তা এবং জলবায়ু পরিবর্তনের সমস্যায় সহনশীল উন্নয়নের লক্ষ্যের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। এছাড়া, চারটি সমঝোতা স্মারক এবং ২0টিরও বেশি সিদ্ধান্ত অনুমোদিত হয়েছে। বিদেশ মন্ত্রক জানিয়েছে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী শীর্ষ সম্মেলনে আগামী ২৫ বছরের জন্য একটি রূপরেখা তৈরির আহ্বান জানিয়েছেন। তিনি নিরাপত্তা, যোগাযোগ এবং সুযোগের ক্ষেত্রে বাস্তবসম্মত ফলাফলের প্রয়োজনীয়তার ওপর জোর দেন বলেও বিদেশমন্ত্রক জানিয়েছে।

*********************

**India tour of Belgium PM :**

বেলজিয়ামের প্রধানমন্ত্রী বার্ট ডি ওয়েভার আজ তিনদিনের ভারত সফরে আসছেন। এই সফরে তিনি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করবেন। বৈঠকে দ্বিপাক্ষিক সম্পর্ক এবং আন্তর্জাতিক বিষয়ে আলোচনা হবে। এছাড়া, ভারত-ইউরোপীয় ইউনিয়ন "মুক্ত বাণিজ্য চুক্তি" সংক্রান্ত এক অনুষ্ঠানে প্রধানমন্ত্রী ডি ওয়েভার ভাষণ দেবেন।

********************

**INDIA-NEPAL :**

ভারতের বিদেশ মন্ত্রক জানিয়েছে, নেপালে আকস্মিক ভয়াবহ বন্যার পর এখনও পর্যন্ত ১৬৩ জন ভারতীয় নাগরিককে নিরাপদে উদ্ধার করা হয়েছে। মন্ত্রক জানিয়েছে, চিলিমেতে জলবিদ্যুৎ প্রকল্পের সুড়ঙ্গগুলিতে পৌঁছানোর পর ভারতীয় উদ্ধারকারী দলের কাজকে বিভিন্ন প্রতিকূলতা কঠিন করে তুলছে। উদ্ধার অভিযান আজও চলবে বলে মন্ত্রক জানিয়েছে। এদিকে, ভারতের ফরেনসিক দল নেপালের দলের সঙ্গে যৌথভাবে গতকাল ডিএনএ পরীক্ষা ও বিশ্লেষণসহ বিভিন্ন কাজ আরও সম্প্রসারিত করেছে। এর ফলে নেপালে ডিএনএ নমুনা পরীক্ষার প্রক্রিয়া আরও দ্রুততর হবে বলে বিদেশ মন্ত্রক জানিয়েছে।

***********************

**VC-NOTIFICATION :**

ত্রিপুরা উপজাতি এলাকা স্ব-শাসিত জেলা পরিষদ অর্থাৎ এডিসি এলাকায় ভিলেজ কমিটি নির্বাচনের জন্য গতকাল আনুষ্ঠানিকভাবে বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। মোট ৫২ জন রিটার্নিং অফিসার স্ব স্ব নির্বাচনী ক্ষেত্রের জন্য বিজ্ঞপ্তি জারি করেন। বিজ্ঞপ্তি জারির সঙ্গে সঙ্গে মনোনয়নপত্র গ্রহণের প্রক্রিয়াও শুরু

হয়েছে। মনোনয়নপত্র জমা দেওয়া যাবে আগামী ৮ই সেপ্টেম্বর পর্যন্ত। ৯ই সেপ্টেম্বর মনোনয়নপত্র পরীক্ষা করা হবে। মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন আগামী ১১ই সেপ্টেম্বর। ভোট গ্রহণ ২৮শে সেপ্টেম্বর এবং ভোট গণনা ৫ই অক্টোবর। এডিসির ভিলেজ কমিটির নির্বাচনী প্রক্রিয়া শেষ হবে আগামী ৮ই অক্টোবর। রাজ্য নির্বাচন কমিশনারের নির্বাচনী নির্ঘণ্ট ঘোষণা সঙ্গে সঙ্গে এডিসি এলাকায় গত সোমবার থেকে আদর্শ আচরণবিধি কার্যকর হয়েছে। নির্বাচন হবে ৫৮৭টি ভিলেজ কমিটির ২৬৩৪টি নির্বাচনী ক্ষেত্রের ৪৫৯৭টি আসনে। ভোটগ্রহণ করা হবে ১৫৫০টি ভোটকেন্দ্রে।

*******************

**BJP Leaders Visit :**

এডিসি'র আসন্ন ভিলেজ কমিটি নির্বাচনে দলের রণকৌশল চূড়ান্ত করার জন্য বিজেপির সর্বভারতীয় সাধারণ সম্পাদক বি এল সন্তোষ, উত্তর পূর্বাঞ্চলের সমন্বায়ক ডঃ সম্বিত পাত্র, সহ-সমন্বায়ক রাজীব বব্বর, রাজ্য প্রভারী রাজদীপ রায়, সাংগঠনিক সম্পাদক রবীন্দ্র রাজু প্রমুখ গতকাল আগরতলায় এসেছেন| সরকারী অতিথিশালায় বিজেপি'র সাংগঠনিক বৈঠকে ভিলেজ কমিটি নির্বাচনের প্রস্তুতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়| কেন্দ্রীয় নেতৃত্বের সঙ্গে বৈঠকে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, বিজেপি রাজ্য সভাপতি অভিষেক দেবরায় সহ অন্যান্যরা।

*****************

**All Parties Meeting-Pacherthal :**

ভিলেজ কমিটির নির্বাচনকে সামনে রেখে গতকাল পেঁচারথল ব্লকে এক সর্বদলীয় বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে উপস্থিত ছিলেন রিটার্নিং অফিসার নবারুণ চক্রবর্তী, কুমারঘাটের SDPO ডেভিড দেববর্মা। বৈঠকে বিজেপি, কংগ্ৰেস, CPI(M), তিপরা মথা, ফরোয়ার্ড ব্লকের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। বৈঠক শেষে রিটার্নিং অফিসার নবারুণ চক্রবর্তী জানান, অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণ নির্বাচন সম্পন্ন করতে সবধরনের প্রশাসনিক উদ্যোগ নেওয়া হয়েছে। উল্লেখ্য পেঁচারথল ব্লক এলাকায় মোট ১৬টি ভিলেজ কমিটি রয়েছে। মোট ভোটারের সংখ্যা ৩৩ হাজার ৯৭৩ জন।

*******************

**Financial Assistance-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা জানিয়েছেন গত তিন বছরে বন্যা, ঝড়ও ভূমিধসে ক্ষতিগ্রস্ত ১ লক্ষ ১0 হাজার ৮৩৪টি পরিবারকে ১৪২ কোটি ২৫ লক্ষ টাকা আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। বিধানসভায় বিধায়ক সুদীপ রায় বর্মণের প্রশ্নের উত্তরে তিনি সম্প্রতি এতথ্য জানান।

********************

**JUNIOR FOOTBALL :**

ডা. বি সি রায় ট্রফি জাতীয় জুনিয়র ফুটবল প্রতিযোগিতা থেকে বিদায় নিয়েছে ত্রিপুরা | ছত্তিশগড়ের নারায়নপুরে গতকাল অনুষ্ঠিত সেমিফাইনালে সর্ব ভারতীয় সাই দল ৭-১ গোলে রাজ্যদলকে হারিয়ে দেয়। এর আগে গ্রুপের সেরা হয়ে ত্রিপুরা সেমিফাইনালে উঠেছিল।

***********************

**FIRST DIVISION FOOTBALL :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবলের এগিয়ে চলো সংঘ ও টাউন ক্লাবের মধ্যে গতরাতের খেলাটি ড্র হয়েছে। উমাকান্ত স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলাটি গোলশূন্য ভাবে শেষ হয়। ফলে উভয় দল এক পয়েন্ট করে পায়।

********************

**Weather :**

আবহাওয়া দপ্তর থেকে জানানো হয়েছে, আজ আকাশ সাধারণত মেঘলা থাকবে৷ সারা রাজ্যেই বজ্র-বিদ্যুৎসহ হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে৷ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। ভোরে দিনের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.৫ ডিগ্রি সেলসিয়াস।সকাল সাড়ে ৫টা পর্যন্ত বৃষ্টি হয়েছে ৪.৬ মিলিমিটার৷

****************

*****************